

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
আইসিটি শাখা
www.sylhet.gov.bd
...

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২৪.২৫.০০১.১৭.২২৭

তারিখ: ৮ ভাদ্র, ১৪২৪

২৩ আগস্ট, ২০১৭

বিষয়: আগস্ট, ২০১৭ এর মধ্যে সকল ইমাম ও মুয়াজ্জিনগণকে ইমাম বাতায়ন
(ইমাম.বাংলা) এ অন্তর্ভুক্তকরণ।

সূত্র: ০৩.০৮.০০০০.৮০৩.০৬.০১৪.১৭.২২৩৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের ছায়াছবি এসাথে প্রেরণ করা হলো। পত্রের আলোকে আগস্ট, ২০১৭ মাসের মধ্যে উপজেলা পর্যায়ের সকল ইমাম ও মুয়াজ্জিনগণকে ইমাম বাতায়নে অন্তর্ভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে সিলেট জেলার জন্য মনোনীত ইমাম বাতায়নের প্রশিক্ষক (রিসোর্স পোল) এবং ইউডিসি উদ্যোক্তাগণের সহযোগিতা নেয়া যেতে পারে।



২০১৭-০৮-২৩

সৈয়দ মোহাম্মদ আমিনুর রহমান

অতিরিক্ত জেলা প্রশাসক

ফোন: ০৮২১-৭২২৭১৬

ইমেইল: adcictsyylhet@yahoo.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল),
..... সিলেট।

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২৪.২৫.০০১.১৭.২২৭/১(২)

তারিখ: ৮ ভাদ্র, ১৪২৪

২৩ আগস্ট, ২০১৭

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

১) প্রকল্প পরিচালক, এ্যাকসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।



২০১৭-০৮-২৩

সৈয়দ মোহাম্মদ আমিনুর রহমান

অতিরিক্ত জেলা প্রশাসক

CA
27/08/19

Accepted
29/08/19

স্মারক নং: ০৩.০৮.০০০০.৮০৩.০৬.০১৪.১৭২২৩৬

জেলা প্রশাসকের কার্যালয় সিংগাঁও	
তারিখ:	তারিখ:
উপ-প্রজন্ম (ইনফরমেশন)	স্বাক্ষরিত পেশা কলন
অতিরিক্ত জেলা প্রশাসক (প্রশাসন)	পেশা কলন
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট	আলাপ করণ
উপ-প্রজন্ম (ইনফরমেশন)	০৯ আগস্ট ২০১৭
উপ-প্রজন্ম (ইনফরমেশন)	নির্বিজ্ঞিত স্বাক্ষর

বিষয়: আগস্ট, ২০১৭-এর মধ্যে জেলার সকল ইমাম ও মুয়াজ্জিনগণকে ইমাম বাতায়ন (ইমাম বাংলা)-এ অন্তর্ভুক্ত করণ প্রসঙ্গে।

মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত রূপকল্প ২০২১ বাস্তবায়নের অন্যতম বিষয় ছিল দক্ষ মানবসম্পদ ও কর্মসংস্থান সৃষ্টি। সবার জন্য যথোপযুক্ত কর্মসংস্থান নিশ্চিতকরণ ও মাথাপিছু রেমিট্যান্স বৃদ্ধির লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ হলো 'কর্মসংস্থানের জন্য দক্ষতা'। 'সমাজের কোন অংশকে বাদ দিয়ে উন্নয়ন নয়'-মাননীয় প্রধানমন্ত্রীর এ বক্তব্যকে মূলমন্ত্র ধরে এটুআই প্রোগ্রামের তরফ থেকে নানাবিধ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে বারে পড়া যুবকদের জন্য এ্যাপ্রেনটিচশীপ (শিক্ষানবিশি) প্রোগ্রামের মাধ্যমে দক্ষতা উন্নয়ন, সমতলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জন্য তৈরি পোষাক বিষয়ক দক্ষতা ও কর্মসংস্থান, উপবৃত্তিপ্রাপ্ত দরিদ্র শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়ন, কওমী ও আলিয়া মাদ্রাসার শিক্ষার্থীর জন্য দক্ষতা উন্নয়ন এবং মসজিদের ইমাম ও মুয়াজ্জিনগণের জন্য আত্ম-কর্মসংস্থানমূলক প্রোগ্রাম উল্লেখযোগ্য।

২। দেশের ৩ লক্ষ ইমাম ও মুয়াজ্জিনগণকে অনলাইনে একটি প্ল্যাটফর্মে আনয়নের লক্ষ্যে এটুআই প্রোগ্রামের উদ্যোগে 'ইমাম বাতায়ন'(ইমাম.বাংলা) তৈরি করা হয়েছে। এ বাতায়নে ইমাম ও মুয়াজ্জিনগণ নিয়মিত মাসলা-মাসায়েল, সাপ্তাহিক খুতবা, সন্যাস ও জর্জীবাদ বিরোধী ফতোয়া, কিতাব, সাম্প্রতিক বিষয়াদিসহ দক্ষতা উন্নয়ন বিষয়ক কনটেন্ট শেয়ার করছেন।

৩। মাননীয় প্রধানমন্ত্রী আগামী সেপ্টেম্বর মাসের সুবিধাজনক সময়ে ইমাম বাতায়ন শুভ উদ্বোধন করতে পারেন। তার পূর্বেই প্রতিটি জেলার সকল ইমাম ও মুয়াজ্জিনগণকে এই বাতায়নে অন্তর্ভুক্ত করতে হবে। আমরা দেখেছি যে, কিছু জেলায় এটি সম্পন্ন হলেও বেশিরভাগ জেলাতেই সকল ইমাম ও মুয়াজ্জিনগণকে এ বাতায়নের সদস্য করা হয়নি। সুতরাং চলতি আগস্ট, ২০১৭-এর মধ্যেই জেলার সকল ইমাম ও মুয়াজ্জিনগণকে ইমাম বাতায়নের অন্তর্ভুক্ত করতে হবে। ইতোমধ্যে যেসব উপজেলায় প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে, কিন্তু উপজেলাধীন সকল ইমাম ও মুয়াজ্জিনগণকে ইমাম বাতায়নে আনা এখনো সম্ভবপর হয়নি, সে সকল বাদ পড়া ইমাম ও মুয়াজ্জিনগণকে পার্শ্ববর্তী ইউনিয়ন ডিজিটাল সেন্টারে গিয়ে সদস্য হওয়া, কনটেন্ট আপলোড ও ডাউনলোড করার বিষয়ে নির্দেশনা প্রদান ও তা নিশ্চিত করতে হবে।

৪। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(কবির বিন আনোয়ার)
মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়
ও প্রকল্প পরিচালক
একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

জেলা প্রশাসক (সকল)

অনুলিপিঃ

- ১। বিভাগীয় কমিশনার (সকল)
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)